গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর,
আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

তারিখ: ২২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০১.২২.১০

বিষয়: **প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কর্তৃক জাতির উদ্দেশে ভাষণ সরাসরি সম্প্রচার।**

৬ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখ শনিবার সন্ধ্যা ৭:০০ টায় প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে জাতির উদ্দেশে ভাষণ প্রধান করবেন। উক্ত ভাষণ বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) আউটপুটের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক ৬৯৩ কিলোহার্জ, বাণিজ্যিক কার্যক্রম মধ্যম তরঙ্গ ৬৩০ কিলোহার্জ, এফএম ১০৬.০ মেগাহার্জ, এফএম ১০৪ মেগাহার্জ ও ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ৮৮.৮ মেগাহার্জ এবং ওয়েবসাইট www.betar.gov.bd ও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে একযোগে সম্প্রচার হবে। একই সাথে বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্রের মধ্যম তরঙ্গ ও সংশ্লিষ্ট এফএম ব্যান্ডে ভাষণটি একযোগে রিলে হবে। এক্ষেত্রে আঞ্চলিক কেন্দ্রসমূহের বিকল্প এফএম ব্যান্ডে (যদি থাকে) স্ব স্ব কেন্দ্রের পূর্বনির্ধারিত অনুষ্ঠান প্রচার হবে।

২। অনুষ্ঠানের সময় পরিবর্তনের ক্ষেত্রে পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) এর সাথে যোগাযোগপূর্বক অনুষ্ঠান যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন এবং সুষ্ঠুভাবে প্রচারকার্য সম্পাদনের জন্য অনুষ্ঠানটির সময়সূচি পরিবর্তন/ বাতিল এর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিট ও কেন্দ্রগুলোর পরিচালক/ আঞ্চলিক পরিচালক/ আঞ্চলিক প্রকৌশলীগণকে সময়সূচি পরিবর্তন/ বাতিলের বিষয়ে অবহিত করবেন।

৩। অনুষ্ঠানটি প্রচারকালীন ঢাকা-ক এর পূর্বনির্ধারিত অনুষ্ঠান, সকল সংবাদ, আবহাওয়াবার্তা ও আযান মধ্যম তরঙ্গ ৮১৯ কিলোহার্জ, এবং এফএম ৯২ মেগাহার্জে প্রচার হবে। ঢাকা-খ এর অনুষ্ঠানসমূহ ঢাকা-গ ১১৭০ কিলোহার্জে প্রচার হবে এবং ঢাকা-গ এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে। এক্ষেত্রে বাণিজ্যিক কার্যক্রমের সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সি সন্ধ্যা ৭:০০টায় বন্ধ না হয়ে ভাষণ প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৪। ভাষণ চলাকালীন বিঘ্ন ঘটলে, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও পরিচালক বাংলাদেশ বেতার ঢাকা বিঘ্নের প্রতিবেদন (কারণসহ) নিকস ফন্টে হার্ডকপি ও সফট কপি programlivebb@gmail.com ইমেইলে সদর দপ্তরে প্রেরণ করবেন।

৫। ভাষণ প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/ নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৬। ভাষণ সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, সংশ্লিষ্ট স্টুডিওতে বা সুবিধাজনক স্থানে ডিশলাইন সংযুক্ত ০১ (এক) টি টেলিভিশন মনিটরের ব্যবস্থা গ্রহণসহ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।

৭। উক্ত ভাষণ যথাযথভাবে রিলে হচ্ছে কিনা সে বিষয়ে পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, ঢাকা এর সাথে সমন্বয় করে অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে প্রচার নিশ্চিত করবেন।

৮। ভাষণ প্রচারের মাঝে ফিলার প্রচারের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত অনুষ্ঠান/ গানের তালিকা অনুসরণ করবে।

৯। বর্ণিত ভাষণ সুষ্ঠুভাবে প্রচারের জন্য পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/ তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন। এছাড়া সকল কেন্দ্রের পরিচালক/ আঞ্চলিক পরিচালক/ তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে ভাষণ সম্প্রচার তত্ত্বাবধান করবেন এবং প্রয়োজনে বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্রের পরিচালক এর সাথে যোগাযোগ করে সুষ্ঠুভাবে অনুষ্ঠান প্রচার নিশ্চিত করবেন। এছাড়া তাঁদের

আওতাধীন বেসরকারি মালিকানাধীন এফএম/ কমিউনিটি বেতার-এ ভাষণটি যথাযথভাবে রিলে হচ্ছে কিনা তা মনিটর করবেন।

১০। বর্ণিত ভাষণের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, (বার্তা), কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১১। উক্ত ভাষণ সম্প্রচারের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী এবং উপস্থাপক-উপস্থাপিকাগণ অনুষ্ঠান শুরুর ৩ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট অনুষ্ঠানস্থলে/ স্টুডিওতে উপস্থিত থাকবেন।

১২। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩। প্রধান নির্বাচন কমিশনারের ভাষণ চলাকালীন আঞ্চলিক কেন্দ্রসমূহ তাদের নিজ নিজ (ভেরিফাইড) ফেসবুক পেইজে বাংলাদেশ বেতার ঢাকা কেন্দ্রের উক্ত অনুষ্ঠানের ফেসবুক পোস্টটি শেয়ারের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪। স্থানীয় সংবাদ প্রচারের ক্ষেত্রে আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক/ উপ-বার্তা নিয়ন্ত্রক সংশ্লিষ্ট কেন্দ্রের পরিচালক/ আঞ্চলিক পরিচালকের সাথে সমন্বয় করে প্রচারের ব্যবস্থা নিবেন।

১৫। বাংলাদেশ বেতারের সৌজন্যে উক্ত ভাষণ রিলের জন্য সকল বেসরকারি মালিকানাধীন এফএম ও কমিউনিটি রেডিও প্রধানদের অনুরোধ করা হলো। বেসরকারি মালিকানাধীন এফএম এবং কমিউনিটি রেডিও সংক্রান্ত কেন্দ্রীয় মনিটরিং কমিটির সদস্য সচিব, পরিচালক (মনিটরিং) বাংলাদেশ বেতার ঢাকা সকল বেসরকারি মালিকানাধীন এফএম ও কমিউনিটি বেতারকে বিষয়টি অবহিত করবেন এবং ভাষণ মনিটর পূর্বক এ সংক্রান্ত প্রচার প্রতিবেদন মহাপরিচালক বাংলাদেশ বেতার বরাবর প্রেরণ করবেন।

১৬। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৬-০১-২০২৪
মোঃ ছালাহ উদ্দিন
অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) ফোন:
০২-৪৪৮১৩০৬৭
adgprogramme@gmail.com

, , ।

**স্মারক নম্বর:**

তারিখ: ২২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, বাংলাদেশ নির্বাচন কমিশন, আগারগাঁও, ঢাকা;

২। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)/ প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ) ঢাকা;

৩। পরিচালক/সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা/জাতীয় বেতার ভবন, আগারগাঁও ঢাকা/চট্টগ্রাম;

৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী/সিনিয়র প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র বাংলাদেশ বেতার ধামরাই/গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);

৫। আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১ ও ২ সাভার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩, নওয়াপাড়া, যশোর/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪, কালুরঘাট, চট্টগ্রাম/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫, কাহালু, বগুড়া;

৬। পরিচালক, বাংলাদেশ বেতার চট্টগ্রাম/বাণিজ্যিক কার্যক্রম/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/লিয়াজোঁ/কেন্দ্রীয় বার্তা সংস্থা আগারগাঁও, ঢাকা;

৭। পরিচালক (মনিটরিং) মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা (আদেশটি সকল বেসরকারি মালিকানাধীন এফএম ও কমিউনিটি বেতারে প্রেরণের অনুরোধসহ);

৮। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী/আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/রাঙামাটি/বান্দরবান/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ ও বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা;

৯। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস/ মনিটরিং আগারগাঁও, ঢাকা/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা;

১০। সিনিয়র সচিব, মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে);

১১। মহাপরিচালক, মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
১২। অতিরিক্ত মহাপরিচালক, অনুষ্ঠান মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা। (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৩। উপমহাপরিচালক, অনুষ্ঠান এর একান্ত সহকারী বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৪। উপ-পরিচালক, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা;
১৫। ব্যবস্থাপনা পরিচালক, রেডিও টুডে, আওয়াল সেন্টার (১৩ ও ১৯ তলা) ৩৪, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা;
১৬। ব্যবস্থাপনা পরিচালক, রেডিও আমার, ওয়াটার ফ্রন্ট (১ম তলা), বাড়ী নং-২৮, রোড নং-১৩০, গুলশান-১, ঢাকা-১২১২;
১৭। ব্যবস্থাপনা পরিচালক, রেডিও ফূর্তি, অটোগ্রাফ (৯ম তলা), ৬৭-৬৮ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩;
১৮। ব্যবস্থাপনা পরিচালক, এবিসি রেডিও, আয়না ব্রডকাস্টিং কর্পোরেশন লিমিটেড (এবিসি রেডিও) প্রগতি ইন্সুরেন্স ভবন (১১ তলা), ২০-২১ কাওরানবাজার, ঢাকা-১২১৫;
১৯। চেয়ারপার্সন, ঢাকা এফএম লিমিটেড, ৪৫, নাভানা টাওয়ার (১৫ তলা), গুলশান দক্ষিণ, সার্কেল-১, ঢাকা-১২১২;
২০। ব্যবস্থাপনা পরিচালক, পিপলস্ রেডিও লিমিটেড, সাধারণ বীমা টাওয়ার (৮ম তলা), ৩৭/এ, দিলকুশা, ঢাকা-১০০০;
২১। ব্যবস্থাপনা পরিচালক, রেডিও ভূমি, ৪০, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, তেজগাঁও, ঢাকা;
২২। ব্যবস্থাপনা পরিচালক, রেডিও স্বাধীন, এশিয়াটিক সেন্টার, বাড়ি-৬৩, রোড-৭/বি, ব্লক-এইচ, বনানী, ঢাকা-১২১৩;
২৩। ব্যবস্থাপনা পরিচালক, সিটি এফ এম, ৪৭/৩/২, ইন্দিরা রোড, (পশ্চিম রাজাবাজার), তেজতুরী বাজার চক, তেজগাঁও, ঢাকা-১২১৫;
২৪। চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক, এশিয়ান রেডিও লিঃ, দিলকুশা সেন্টার, ৫ম তলা, স্যুট- ৪০৪, ২৮, দিলকুশা বা/এ, ঢাকা;
২৫। চেয়ারম্যান, কালার্স এফ এম, ৬৭/৪, পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা-১০০০;
২৬। ব্যবস্থাপনা পরিচালক, রেডিও ৭১, রিয়াজ মটরস, ৬৩, কাকরাইল, ঢাকা-১০০০;
২৭। ব্যবস্থাপনা পরিচালক, রেডিও ধ্বনি লিমিটেড, বাড়ী-১৫, রোড-৪৩, গুলশান-২, ঢাকা-১২১২;
২৮। ব্যবস্থাপনা পরিচালক, একেসি প্রাইভেট লিমিটেড (জাগো এফ.এম), প্রাণ-আরএফএল সেন্টার, ১০৫, প্রগতি সরণি, মধ্যবাড্ডা, ঢাকা-১২১২;
২৯। ব্যবস্থাপনা পরিচালক, এনরিচ নেট প্রাঃ লিঃ রেডিও নেক্সট, নিটোল সেন্টার, ৭১ মহাখালী বা/এ, ঢাকা-১২১২;
৩০। প্রধান নির্বাহী কর্মকর্তা, রেডিও ঢোল, বাড়ি ৪৩, রোড- ৩৫এ, গুলশান-২, ঢাকা-১২১২;
৩১। ব্যবস্থাপনা পরিচালক, রেডিও দিন রাত, স্কয়ার সেন্টার, ৪৮, মহাখালী বা/এ, ঢাকা-১২১২;
৩২। ব্যবস্থাপনা পরিচালক, ইস্টওয়েস্ট মিডিয়া গ্রুপ লিঃ (রেডিও ক্যাপিটাল), প্লট-৩৭১/এ, ব্লক ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা-১২২৯;
৩৩। স্বত্বাধীকারী, বাংলা রেডিও, স্বদেশ টাওয়ার (১৬ তলা), ৪১/৬, পুরানা পল্টন, ঢাকা-১০০০;
৩৪। ম্যানেজিং পার্টনার, ইনোভিশন (রেডিও এইজ), স্কাইলাক ম্যাক (৭ম তলা), বাড়ি-৮৪, ব্লক-ডি, রোড-১১, বনানী, ঢাকা-১২১৩;
৩৫। ব্যবস্থাপনা পরিচালক, স্পাইস এফ.এম, এমজি টাওয়ার (১৪ তলা), ৩৮৯/৮, পশ্চিম রামপুরা, ঢাকা-১২১৯;
৩৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, রেডিও আম্বার, ৪৫, নাভানা টাওয়ার (১৩ তলা), গুলশান দক্ষিণ, সার্কেল-১, ঢাকা-১২১২;
৩৭। ষ্টেশন ইনচার্জ, দেশ রেডিও রাতুল মিডিয়া এন্ড কমিউনিকেশন লিঃ ১৫/৮ তাজমহল রোড, ব্লক-সি, ঢাকা-১২০৭;
৩৮। ব্যবস্থাপনা পরিচালক, গোল্ড এফএম লিমিটেড (সুফি এফএম) বাসা নং-১৬ রাস্তা-১০/এ ব্লক এইচ বনানী, বা/এ ঢাকা-১২১৩;
৩৯। জনাব এ. এইচ.এম বজলুর রহমান, সিইও, বিএনএনআরসি, ১৩/১, রোড-২, শ্যামলী, ঢাকা (কমিউনিটি রেডিও সমূহকে অবহিতকরণের অনুরোধসহ);
৪০। স্টেশন ম্যানেজার, রেডিও নলতা, গ্রাম: নলতা, উপজেলা: কালীগঞ্জ, জেলা: সাতক্ষীরা;
৪১। স্টেশন ম্যানেজার, রেডিও নাফ, নূরমহল, পুরাতন পল্লান পাড়া, টেকনাফ, কক্সবাজার;
৪২। স্টেশন ম্যানেজার, রেডিও বড়াল, নির্বাহী পরিচালক , বাবুল সুপার মার্কেট (২য় তলা) জয় বাংলার মোড়, অরণী, বাঘা, রাজশাহী;
৪৩। স্টেশন ম্যানেজার, রেডিও চিলমারী, আরডিআরএস চিলমারী ক্যাম্পাস, চিলমারী, কুড়িগ্রাম;
৪৪। স্টেশন ম্যানেজার, রেডিও সুন্দরবন, আমাদী বাজার, কয়রা, খুলনা;
৪৫। স্টেশন ম্যানেজার, রেডিও ঝিনুক, সৃজনী বাংলাদেশ, সৃজনী ভবন, ১১১, পবহাটী সড়ক, পবহাটি, ঝিনাইদহ-৭৩০০;
৪৬। স্টেশন ম্যানেজার, রেডিও সাগরগিরী, মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র,সীতাকুন্ড ক্যাম্পাস,সীতাকুন্ড, চট্টগ্রাম-৪৩১০;
৪৭। স্টেশন ম্যানেজার, বরেন্দ্র রেডিও, নওগাঁ হিউম্যান রাইটস ডেভেলপমেন্ট এসোসিয়েশন, উকিলপাড়া, নওগাঁ সদর, নওগাঁ;
৪৮। স্টেশন ম্যানেজার, রেডিও মুক্তি, ৩০৫/১, জেরিন টাওয়ার (২য় তলা), রহমান নগর (সি এন্ড বি মোড়), শেরপুর রোড, বগুড়া;
৪৯। স্টেশন ম্যানেজার, লোকবেতার, সদর রোড, পশ্চিম বরগুনা, বরগুনা;
৫০। স্টেশন ম্যানেজার, রেডিও পল্লীকন্ঠ, মাতার কাপন, মৌলভী বাজার সদর, মৌলভীবাজার;
৫১। স্টেশন ম্যানেজার, রেডিও মহানন্দা, প্রয়াস মানবিক উন্নয়ন সোসাইটি, বেলেপুকুর, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ-৬৩০০;
৫২। স্টেশন ম্যানেজার, রেডিও বিক্রমপুর, শান্তি কুঠির, বাড়ি নম্বর-২৯০, ওয়ার্ড-০৪, শাহাজাহানপুর বাজার বাড়ি, দেওভোগ, মুন্সিগঞ্জ;

৫৩। স্টেশন ম্যানেজার, রেডিও পদ্মা, সিসিডি বাংলাদেশ, হোল্ডিং-৪১৮/এ, ওয়ার্ড-২৫, মোনাফের মোড়, রানীনগর, রাজশাহী-৬২০৪;

৫৪। স্টেশন ম্যানেজার, কৃষি রেডিও, আমতলী উপজেলা কমপ্লেক্স, আমতলী, বরগুনা;

৫৫। স্টেশন ম্যানেজার, রেডিও সাগরদ্বীপ, হাতিয়া, নোয়াখালী;

৫৬। স্টেশন ম্যানেজার, রেডিও মেঘনা, কুলছুমবাগ, চরফ্যাশন, ভোলা;

৫৭। স্টেশন ম্যানেজার, রেডিও সারাবেলা, রাধাকৃষ্ণপুর, কলেজ রোড, গাইবান্ধা;

৫৮। স্টেশন ম্যানেজার, রেডিও সৈকত, লাইট হাউজ রোড, কলাতলি, কক্সবাজার এবং

৫৯। নথি।

০৬-০১-২০২৪
কামাল আহমেদ
উপমহাপরিচালক (অনুষ্ঠান) ফোন: ০২-৪৪৮১৩০২৯